

মৎস্য ও প্রাণিসম্পদ সম্পর্কিত কমিটি, বটিয়াঘাটা, খুলনা এর ০৬/০১/২০২২ খ্রি:
তারিখের সভার কার্যবিবরণীঃ

সভাপতি : 

জনাব চধ্বলা মঙ্গল

সভাপতি

মৎস্য ও প্রাণিসম্পদ সম্পর্কিত কমিটি

ও

উপজেলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বটিয়াঘাটা, খুলনা।

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ
বটিয়াঘাটা, খুলনা।

সময় : সকাল ১১.০০ টা।

তারিখ : ৫৩/০১/২০২২ খ্রি:

উপস্থিত সদস্যবৃন্দের তালিকা :

ক্রঃ নং	পদবী	স্বাক্ষর
০১।	সদস্য ও উপজেলা ভাইস চেয়ারম্যান	স্বাক্ষরিত
০২।	সদস্য ও উপজেলা প্রশিক্ষণ কর্মকর্তা	স্বাক্ষরিত
০৩।	চেয়ারম্যান, ৪ নং সুরখালী ইউনিয়ন পরিষদ	স্বাক্ষরিত
০৪।	চেয়ারম্যান, ৬নং বালিয়াড়িগঠ ইউনিয়ন পরিষদ	স্বাক্ষরিত
০৫।	সংরক্ষিত মহিলা সদস্য, ৩ নং গংগারামপুর ইউনিয়ন পরিষদ	স্বাক্ষরিত
০৬।	সদস্য সচিব ও সিনিয়র উপজেলা মৎস্য অফিসার	স্বাক্ষরিত

সভার শুরুতে সভাপতি ও মহিলা ভাইস চেয়ারম্যান জনাব চধ্বলা মঙ্গল, উপস্থিত সকল সদস্যবৃন্দকে শুভেচ্ছা ও ধন্যবাদ জ্ঞাপন করে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি সদস্য সচিব ও সিনিয়র উপজেলা মৎস্য অফিসারকে সভায় আলোচনা কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করেন।

আলোচনা :- সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান অত্র উপজেলার মাছ চাষীদের বিভিন্নমাছ চাষের উপর ২ ব্যাচ ২৫*২= ৫০ জন আগ্রহী চাষীদের প্রশিক্ষণ প্রয়োজন। উক্ত প্রশিক্ষণ বাবদ এডিবি হতে ৫০০০০/- (পঞ্চাশ হাজার) টাকা একটি প্রকল্প গ্রহণ করা যেতে পারে। তিনি আরো জানান উপজেলায় ২৫ জন চিংড়ি চাষীকে ২০২১-২২ অর্থ বছরে নিরাপদ চিংড়ি উৎপাদনে ট্রেসিবিলিটি ও উন্নত চিংড়িচাষ অনুশীলন বিষয়ক ৫ দিনের প্রশিক্ষনের জন্য জাইকা হতে একটি প্রকল্প গ্রহণ করা যেতে পারে।

সিদ্ধান্ত :- এ বিষয়ে আলোচনার পর উপজেলা পরিষদের এডিবির অর্থায়নে উপজেলার মাছ চাষীদের বিভিন্নমাছ চাষের উপর ৫০ জন চাষীকে এবং জাইকা এর অর্থায়নে নিরাপদ চিংড়ি উৎপাদনে ট্রেসিবিলিটি ও উন্নত চিংড়িচাষ অনুশীলন বিষয়ক ৫ দিনের প্রশিক্ষনের বিষয়ে উপজেলা সমষ্টি সভায় উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

প্রাণিসম্পদ-

উপজেলা প্রানী সম্পদ কর্মকর্তা জানান যে, তার দপ্তরের স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রয়েছে এবং উপজেলায় টিকা প্রদানকারী কর্মীদের প্রশিক্ষণ করানো প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত :- টিকা প্রদানকারী কর্মীদের ০১ ব্যাচ ($25*1 = 25$ জন) জাইকার (JICA) অর্থায়নে প্রশিক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মাসিক সমন্বয় সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্য শেষ করেন।

চক্রবৰ্ত্তী মুকুল

উপজেলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, বটিয়াঘাটা, খুলনা।

ও

সভাপতি
মৎস্য ও প্রাণিসম্পদ সম্পর্কিত কমিটি।

স্মারক নং- ৩৩.০২.৪৭০০.৫০১.৫৮.০০১.১৯- ০৩/১/১(১০)

তারিখ : ০৬/০১/২০২২ খ্রি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বটিয়াঘাটা, খুলনা।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, বটিয়াঘাটা, খুলনা।
- ৩। জনাব চক্রবৰ্ত্তী মুকুল, উপজেলা ভাইস চেয়ারম্যান ও সভাপতি, মৎস্য ও প্রাণিসম্পদ সম্পর্কিত কমিটি, বটিয়াঘাটা, খুলনা।
- ৪। জনাব নিতাই গাহিন, উপজেলা ভাইস চেয়ারম্যান ও সদস্য, মৎস্য ও প্রাণিসম্পদ সম্পর্কিত কমিটি, বটিয়াঘাটা, খুলনা।
- ৫। মৎস্য ও প্রাণিসম্পদ সম্পর্কিত কমিটি।
- ৯। অফিস কপি।

সিনিয়র উপজেলা মৎস্য অফিসার
বটিয়াঘাটা, খুলনা।

ও

সদস্য সচিব
মৎস্য ও প্রাণিসম্পদ সম্পর্কিত কমিটি।